

দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা বোর্ডের চিঠি

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন দুইটি কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণ করায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবদুল খালেক গত রবিবার মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব বরাবরে ওই চিঠি প্রেরণ করেন। এতে দুইটি কমিটির দাখিলকৃত ১৭ পাতার পৃথক তদন্ত প্রতিবেদন সংযুক্ত করা হয়। এদিকে বিতরণ হওয়া দুইটি পত্রের প্রশ্ন বাতিল করে পুনরায় ছেপে গত শনিবার বোর্ডের সকল কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হয়েছে।

জানা যায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় গত ১২ এপ্রিল পৌরনীতি প্রথম পত্র ও জীববিজ্ঞান প্রথম পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্নের বদলে উভয় বিষয়ের দ্বিতীয় পত্রের প্রশ্ন দুইটি পরীক্ষা কেন্দ্রে বিতরণ করা হয়। কেন্দ্র দুইটি হচ্ছে- কুমিল্লার নাসরুলকোট হাসান মেমোরিয়াল ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্র ও ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ। এ বিষয়ে শিক্ষা সচিবের সঙ্গে

আলোচনা করে পৌরনীতি ও জীববিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্ন জরুরিভিত্তিতে ছাপার পর গত শনিবার পরীক্ষা নেয়া হয়েছে। এ ঘটনায় দুইটি তদন্ত কমিটি গঠিত হয়। কমিটি তদন্তপূর্বক ১৩ এপ্রিল প্রতিবেদন দাখিল করে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আবদুল খালেক জানান, 'উভয় কমিটির তদন্ত প্রতিবেদনের আলোকে প্রাথমিক ব্যবস্থা হিসেবে দায়িত্ব পালনে চরম অবহেলা, অদক্ষতা, শৈথিল্য প্রদর্শনকারী দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে তাদেরকে পরীক্ষা পরিচালনার দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং পরবর্তী পরীক্ষাগুলো গ্রহণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রে নতুন করে পরিচালনা

কুমিল্লায় ভুল প্রশ্নপত্র

কমিটি গঠন করা হয়েছে।

পৌরনীতি ও জীববিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্ন ঢাকা বিজি প্রেসে নতুন করে ছেপে গত শনিবার পরীক্ষা নেয়া হয়েছে। এসব বিষয়ে দায়ীদের বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ করা হয়েছে।'

ব্যানবেইনে	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, ব্রিগেড জি. ডি. অফিস	
সি. ডি. এ. পি. ডি. অফিস	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর